দৈনিক বাংলা

তারিখ ... ১৯।৯।৭৯
পৃষ্ঠা ... ১ ...



# যশোর বোর্ডের এইচএসসি'র ফল : পাসের হার ৫৯'১০

(নিজস্ব সংবাদদাতা)

যশোর, ১৮ই সেপ্টেম্বর।—যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। পাসের হার হচ্ছে ৫৯ দশমিক ১০।

মোট ২০ হাজার ৪৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছেন। এর মধ্যে ৩২৮ জন প্রথম বিভাগে, ২৩৬২ জন দ্বিতীয় বিভাগে এবং ৯ হাজার ৪০৪ জন তৃতীয় বিভাগে পাস করেছেন। গ্রুপওয়ারী পাসের হার হচ্ছে বিজ্ঞানে ৬০ দশমিক ১৪, মানবিক বিভাগে ৫৫ দশমিক ৬৫, বাণিজ্যে ৬৭ দশমিক ১৩, কৃষিতে ৬২ দশমিক ৭২, ইসলামী শিক্ষায় ৭১ দশমিক ৪৩ এবং গার্হস্থ্য অর্থনীতিতে ২০।

সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছেন যশোর সরকারী কলেজের তরফদার মোহাম্মদ মজতবা আলী, দ্বিতীয় হয়েছেন দৌলতপুর বি এল কলেজের মোহাম্মদ জাভেদ ইকবাল, তৃতীয় কারমাইকেল কলেজের মোহাম্মদ আইয়ুব আলী, চতুর্থ—ঝিনাইদহ ক্যাডেট

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ড

(১-এর পৃঃ পর)

কলেজের মোহাম্মদ আতিয়ার রহমান, পঞ্চম—বাগেরহাট প্রফুল্ল চন্দ্র কলেজের শেখ আবদুল ফাত্তাহ, ষষ্ঠ—বরিশালের সৈয়দ হাতেম আলী কলেজের কাজল কুমার রায়, সপ্তম—কুষ্টিয়া সরকারী কলেজের মোহাম্মদ রেজাউল করিম বেগ, অষ্টম—বাগেরহাট প্রফুল্ল চন্দ্র কলেজের চৌধুরী হাফিজুল আহসান, নবম—যশোর মহিলা কলেজের আফরোজা বেগম, দশম—ঝিনাইদহ কে সি কলেজের মোহাম্মদ মোখতার আলী, একাদশ—ঝিনাইদহ ক্যাডেট কলেজের মানবেন্দ্র দত্ত, দ্বাদশ—যশোর সরকারী কলেজের হাসিনা বেগম ও দৌলতপুর বিএল কলেজের সানিয়া তাহমিনা, ত্রয়োদশ—ঝিনাইদহ ক্যাডেট কলেজের সৈয়দ মোহাম্মদ মিজানুর রহমান চতুর্দশ—ঝিনাইদহ ক্যাডেট কলেজের মোহাম্মদ মোসলেহউদ্দীন ফরিদ, পঞ্চদশ—দৌলতপুর বিএল কলেজের অশোক কুমার দাস, ষোড়শ—শৈলকুপা কলেজের অলোক কুমার সাহা, সপ্তদশ—ঝিনাইদহ ক্যাডেট কলেজের মোহাম্মদ শফিকুল ইসলাম, অষ্টাদশ—ঝিনাইদহ ক্যাডেট কলেজের নূর মোহাম্মদ আলী আযম, উনবিংশ—দৌলতপুর বিএল কলেজের মোল্লা নজরুল ইসলাম এবং বিংশ স্থান অধিকার করেছেন দৌলতপুর বিএল কলেজের লতিফা আখতার বুলু।

মানবিক বিভাগে প্রথম হয়েছেন যশোর সরকারী কলেজের মোহাম্মদ আবুল কাশেম ও মোরেলগঞ্জ কলেজের মোহাম্মদ এহতেসানুল হায়দার এবং দ্বিতীয় হয়েছেন সাতক্ষীরা কলেজের গুলসান আরা।

বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছেন যশোর সরকারী কলেজের তরফদার মোহাম্মদ মজতবা আলী এবং দ্বিতীয় হয়েছেন দৌলতপুর বি এল কলেজের মোহাম্মদ জাভেদ ইকবাল।

বাণিজ্য বিভাগে প্রথম হয়েছেন বরিশালের সৈয়দ হাতেম আলী কলেজের কাজল কুমার রায় এবং দ্বিতীয় খুলনার আজম খান কলেজের মোহাম্মদ সিদ্দিকুল ইসলাম।

কৃষি বিভাগে প্রথম—নড়াইলের ভিক্টোরিয়া কলেজের মনোরঞ্জন বিশ্বাস এবং দ্বিতীয় যশোরের আলোকদিয়া অমরেশ বসু কলেজের মোহাম্মদ রফিকুল ইসলাম।

ইসলামী শিক্ষা এবং গার্হস্থ্য অর্থনীতিতে কেউই প্রথম বিভাগে উত্তীর্ণ হয়নি।